গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পরিবেশ অধিদপ্তর**
পরিবেশ ভবন, ই/১৬ আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.doe.gov.bd

স্মারক নং : ২২.০২.০০০০.০৮১.২৩.০০৬.২৫- ৫৫

তারিখ : ১৫/০১/১৪৩২ বঙ্গাব্দ
২৮/০৪/২০২৫ খ্রিস্টাব্দ

## বিশ্ব পরিবেশ দিবস-২০২৫ উপলক্ষ্যে শিশু-কিশোর চিত্রাংকন প্রতিযোগিতা

| | | | |
|---|---|---|---|
| বিষয় | ঃ | প্রকৃতি ও পরিবেশ | |
| স্থান | ঃ | জাতীয় চিত্রশালা প্লাজা, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুন বাগিচা, ঢাকা। | |
| তারিখ | ঃ | ১৭ মে ২০২৫ (শনিবার) | সময়ঃ বিকাল ৩:০০ ঘটিকা |
| প্রতিযোগীর বয়স | ঃ | ক-গ্রুপ: অনূর্ধ্ব ৮ বছর; | খ-গ্রুপ: ৮ থেকে অনূর্ধ্ব ১২ বছর |
| | ঃ | গ-গ্রুপ: ১২ থেকে অনূর্ধ্ব ১৬ বছর; | বিশেষ চাহিদা সম্পন্ন গ্রুপ: বয়স শিথিলযোগ্য |
| পুরস্কার | ঃ | প্রতি গ্রুপে ৩ (তিন) জন বিজয়ীকে পুরস্কার প্রদান করা হবে। | |

আগ্রহী প্রতিযোগীদের বেলা ২:৩০ ঘটিকার মধ্যে প্রয়োজনীয় উপকরণ ( রং, তুলি, বোর্ড ইত্যাদি) এবং জন্ম নিবন্ধন সনদের ফটোকপি নিয়ে বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় চিত্রশালা প্লাজায় উপস্থিত হতে হবে। বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের ক্ষেত্রে এতদসংক্রান্ত সনদের ফটোকপি সঙ্গে আনতে হবে। পরিবেশ অধিদপ্তর কার্টিজ পেপার সরবরাহ করবে।

বিজয়ী প্রতিযোগীদের নাম ২৬ মে ২০২৫ তারিখে বাংলাদেশ শিল্পকলা একাডেমির নোটিশ বোর্ড, পরিবেশ অধিদপ্তরের ওয়েবসাইট www.doe.gov.bd- এ প্রকাশ এবং টেলিফোনে জানানো হবে।

২৮/০৪/২০২৫
**রাজিনারা বেগম**
পরিচালক
বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা
ও
আহবায়ক
শিশু-কিশোর চিত্রাংকন প্রতিযোগিতা-২০২৫
আয়োজন বিষয়ক কমিটি
ফোনঃ ০২-২২২২১৮৩১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পরিবেশ অধিদপ্তর**
পরিবেশ ভবন, ই/১৬ আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.doe.gov.bd

২৩/০১/১৪৩২ বঙ্গাব্দ
স্মারক নং : ২২.০২.০০০০.০৮১.২৩.০০৬.২৫- ৬০ তারিখ : -----------------------------।
০৬/০৫/২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: বিশ্ব পরিবেশ দিবস-২০২৫ উদযাপন উপলক্ষে অনুষ্ঠিতব্য শিশু- কিশোর চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসঙ্গে।**

বিশ্ব পরিবেশ দিবস- ২০২৫ উদযাপন উপলক্ষে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং পরিবেশ অধিদপ্তর বিস্তারিত কর্মসূচি গ্রহণ করেছে। গৃহিত কর্মসূচির অংশ হিসেবে ভবিষ্যৎ প্রজন্মের মাঝে পরিবেশ সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পরিবেশ অধিদপ্তর কর্তৃক শিশু-কিশোর চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে।

প্রতি বছরের ন্যায় এ বছরও শিশু-কিশোর চিত্রাংকন প্রতিযোগিতাটি বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুন বাগিচা, ঢাকার **জাতীয় চিত্রশালা প্লাজায় আগামী ১৭ মে ২০২৫ খ্রিঃ (শনিবার) বেলা ৩:০০ ঘটিকায়** অনুষ্ঠিত হবে।

পরিবেশ অধিদপ্তর কর্তৃক আয়োজিত শিশু-কিশোর চিত্রাংকন প্রতিযোগিতায় আপনার প্রতিষ্ঠানের আগ্রহী ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণের সুবিধার্থে প্রতিযোগিতার বিজ্ঞপ্তিটি এসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

৬/৫/২০২৫

**(রাজিনারা বেগম)**
পরিচালক
বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা
ও
আহবায়ক
শিশু চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজন
বিষয়ক কমিটি- ২০২৫

**অধ্যক্ষ/প্রধান শিক্ষক/পরিচালক**

---------------------------------------
--------------------------------।

অনুলিপি:
১। সহকারী পরিচালক, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, সদর দপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।